

আপনার EBT বেনিফিট ইলেকট্রনিকভাবে চুরি হয়ে গেলে কী করবেনা



এমনকি আপনি কখনো আপনার EBT কার্ড না হারিয়ে থাকেন তবুও আপনার SNAP বা নগদ সহায়তা বেনিফিট ইলেকট্রনিকভাবে চুরি হয়ে যেতে পারে। এবং এটি সাধারণত 'স্কিমিং' 'ফিশিং' নামে দুই ধরনের চুরির মাধ্যমে ঘটে।

স্কিমিং: চোরেরা EBT, ক্রেডিট এবং ডেবিট কার্ডের তথ্য কপি করার জন্য দোকানের কার্ড-সোয়াইপ করার মেশিনের উপর একটি ডিভাইস লাগিয়ে রাখে। চোরেরা এই তথ্য ব্যবহার করে জাল কার্ড তৈরি করে (যাকে “ক্লোন” বলা হয়) এবং অ্যাকাউন্ট থেকে টাকা চুরি করতে তা ব্যবহার করে। আপনি যেখানেই আপনার EBT কার্ড সোয়াইপ করেন সেখানেই স্কিমিং হতে পারে।


ফিশিং: হল একটি ভিন্ন ধরনের স্কিম যেখানে চোরেরা লোকেদেরকে কৌশলে একটি লিঙ্কে ক্লিক করায় (সাধারণত টেক্সট বা ইমেলের মাধ্যমে পাঠানো হয়) যা তাদের আপনার অ্যাকাউন্টের তথ্য অ্যাক্সেস করতে দেয়।

আমার বেনিফিটগুলি চুরি হয়ে গেলে আমার কী করা উচিত?

ধাপ 1: আপনার কার্ড চুরি হয়ে গেছে বলে রিপোর্ট করুন (এমনকি যদি আপনার কার্ডটিই চুরি নাও হয়ে থাকে)। আপনার কার্ড চুরি হয়ে গেছে রিপোর্ট করতে, একটি নতুন কার্ডের অনুরোধ করতে এবং আপনার পিন পরিবর্তন করতে, অনুগ্রহ করে www.ebtedge.com -এ যান অথবা EBT কাস্টমার সার্ভিসে - 888-328-6399 নম্বরে কল করুন। আপনি যদি আপনার EBT কার্ড চুরি হয়ে গেছে বলে রিপোর্ট না করে থাকেন তাহলে আপনি কোনো প্রতিস্থাপনের বেনিফিট পাবেন না। যদি আপনি ইতিমধ্যেই চুরি হওয়ার সময় আপনার কার্ড চুরি হওয়ার রিপোর্ট করে থাকেন তবে তার জন্য আবার রিপোর্ট করার প্রয়োজন নেই।

ধাপ 2: আপনার EBT লেনদেনের ইতিহাস নিয়ে নিন। প্রতিস্থাপনের বেনিফিটগুলির জন্য একটি ক্রেইম জমা দিতে, আপনাকে অবশ্যই প্রতিটি প্রতারণামূলক লেনদেনের তারিখ, অবস্থান এবং অর্থ-রাশি রিপোর্ট করতে হবে (যারা আপনার কার্ড চুরি করেছে তাদের দ্বারা করা লেনদেন এবং আপনি বা আপনার পরিবারের সদস্যদের দ্বারা করা নয়)।

কিভাবে আপনার EBT ইতিহাস পাবেন:



বিকল্প 1: www.ebtedge.com -এ আপনার EBT ইতিহাস পরীক্ষা করে বা ebtEDGE মোবাইল অ্যাপ ডাউনলোড করে (অ্যাপেল অ্যাপ স্টোর এবং গুগল প্লে স্টোরে ডাউনলোডের জন্য উপলব্ধ)।

বিকল্প 2: টোল-ফ্রি EBT কাস্টমার সার্ভিস লাইনে 1-888-328-6399 নম্বরে কল করুন। স্বয়ংক্রিয় মেনুতে আপনি

আপনার শেষ 10টি লেনদেন শুনতে পারেন, স্বয়ংক্রিয় মেনু বা কাস্টমার সার্ভিস প্রতিনিধির কাছে আপনার অ্যাকাউন্টের ইতিহাসের একটি প্রিন্ট করা দুই মাসের স্টেটমেন্টের জন্য অনুরোধ করতে পারেন বা লাইভ কাস্টমার সার্ভিস প্রতিনিধির সাথে আপনার লেনদেনগুলি পর্যালোচনা করতে পারেন। 15 মাসেরও বেশি আগের লেনদেনের জন্য আপনাকে একজন প্রতিনিধির সাথে কথা বলতে হবে।

ধাপ 3: প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম জমা দিন। কোন লেনদেনগুলি প্রতারণামূলক ছিল তা আপনি চিহ্নিত করার পরে, আপনি প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম জমা দিতে প্রস্তুত হবেন।



একটি ক্লেইম জমা দেওয়ার বিভিন্ন উপায় আছে:

1. nyc.gov/hra ওয়েবসাইটে **অনলাইনে** ক্লেইম জমা দেওয়া হল দ্রুততম ও সহজতম উপায়! আমরা দৃঢ়ভাবে সুপারিশ করছি যে সম্ভব হলে আপনি অনলাইনে ক্লেইম জমা দিন।
2. **ডাকযোগে:** একটি কাগজে ক্লেইম ফর্ম পেতে:
 - nyc.gov/hra ওয়েবসাইটে গিয়ে এটি প্রিন্ট করে নিন।
 - ইনফোলাইন (718-557-1399) -এ কল করুন এবং আপনাকে ডাকযোগে একটি ফর্ম পাঠাতে অনুরোধ করুন।
 - আপনার স্থানীয় কেন্দ্রে যান।

পূরণ করা কাগজে ক্লেইম ফর্ম ডাকযোগে এই ঠিকানায় পাঠান:

Department of Social Services
P.O. Box 02-9121
Brooklyn GPO, Brooklyn, NY 11202

একটি কাগজে ক্লেইম ফর্ম জমা দেওয়া, বিশেষ করে একটি ফর্ম আপনাকে ডাকে পাঠানোর অনুরোধ করা, সবচেয়ে ধীর পদ্ধতি, এবং আপনার ক্লেইম পেতে এবং কোনও প্রতিস্থাপন বেনিফিটগুলি ইস্যু করতে বেশি সময় লাগতে পারে।

3. **নিজে উপস্থিত হয়ে:** আপনি যেকোনো বেনিফিটস অ্যাক্সেস সেন্টার (BAC), SNAP সেন্টার অথবা HASA অবস্থানে যেতে পারেন। আপনি nyc.gov/hra ওয়েবসাইটে ('Location' (লোকেশন) ট্যাবের অধীনে) SNAP এবং BAC সেন্টারগুলি খুঁজে পেতে পারেন।

যখন আপনি একটি ক্লেইম ফাইল করবেন

তারিখ, অবস্থান, প্রতিটি প্রতারণামূলক লেনদেন এবং চুরি যাওয়া অর্থের পরিমাণ ছাড়াও, আপনার **ডাক ঠিকানা**, **গ্রাহক সনাক্তকরণ নম্বর (CIN)** এবং আপনার **চুরি যাওয়া বেনিফিট ইস্যু করার সময়কাল থেকে কেস নম্বরেরও** প্রয়োজন হবে।

আপনার CIN আপনার স্থায়ী EBT কার্ডে তালিকাভুক্ত করা হয়েছে, এবং HRA, অথবা আপনার ACCESS HRA অ্যাকাউন্ট (যদি আপনার থাকে) থেকে যে কোনো নোটিশে আপনার কেস নম্বর পাওয়া যায়। আপনি যদি এখনও আপনার কেস নম্বরটি খুঁজে না পেয়ে থাকেন তবে HRA ইনফোলাইন (718-557-1399) -এ কল করুন অথবা আপনার স্থানীয় SNAP, BAC বা HASA সেন্টারে যান।

যদি আপনার SNAP এবং নগদ উভয় বেনিফিট চুরি হয়ে থাকে, তাহলে আপনাকে অবশ্যই সেই একই ক্লেইম ফর্মে সেগুলি রিপোর্ট করতে হবে। ফর্মে আলাদা-আলাদা বিভাগ থাকবে তাই লেনদেনগুলি মিশ্রিত হবে না।



ক্লেইম ফর্মে, আপনার SNAP এবং নগদ বেনিফিট চুরি হওয়া উভয় তারিখ এবং যে তারিখে আপনি উপলব্ধি করেছেন যে সেগুলি চুরি হয়েছে, সেই লেনদেনগুলি প্রতারণামূলক ছিল এবং সেইসাথে চুরি হওয়া মোট অর্থের পরিমাণ লিখতে হবে। SNAP এবং নগদ বেনিফিট আলাদা রাখতে ভুলবেন না এবং ফর্মটিতে এই দুটিকে একত্রিত করবেন না।

আপনি যে তথ্য প্রদান করেছেন তা সত্য এবং নির্ভুল তা প্রত্যায়িত করতে ঘরটিতে টিক দিতে ভুলবেন না। আপনি যদি প্রত্যয়নটি সম্পূর্ণ না করেন তবে আপনার ক্লেইম ফর্ম গৃহীত হবে না।



@NYCHRA



NYCHRA



NYCHRA